নাশকতায় অর্থায়নের অভিযোগে আ.লীগ নেত্রী নাজ আটক



ছবি: সংগৃহীত

রাজধানীতে নাশকতা ও সহিংস কর্মকাণ্ডে অর্থায়নের অভিযোগে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের নেত্রী নাছরিন জাহান নাজকে আটক করেছে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ (ডিবি)। মঙ্গলবার (১৮ নভেম্বর) রাতে তুরাগ এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। এ সময় জাহাঙ্গীর নামে আরও একজনকে আটক করা হয়েছে।

ডিবি সূত্রে জানা গেছে, আওয়ামী লীগের সহযোগী সংগঠন যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীদের নাশকতা এবং সহিংস কর্মকাণ্ডে অর্থের জোগান দেওয়ার অভিযোগ রয়েছে নাছরিন জাহানের বিরুদ্ধে। রাজধানীর বিভিন্ন এলাকায় অস্থিতিশীল পরিস্থিতি তৈরির কর্মকাণ্ডেও অর্থ ও সহযোগিতা দেওয়ার অভিযোগ রয়েছে তার বিরুদ্ধে।

নাছরিন জাহান সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার সহকারী প্রেস সচিব ইমরুল কায়েসের সহযোগী হিসেবে পরিচিত বলেও জানা গেছে।

অন্যদিকে, আটক জাহাঙ্গীরের বিরুদ্ধে কিশোর গ্যাং ও ছাত্রলীগের সঙ্গে সম্পৃক্ততা এবং রাজধানীর বিভিন্ন স্থানে ককটেল সরবরাহের অভিযোগ রয়েছে।

ডিবির রমনা বিভাগের উপপুলিশ কমিশনার (ডিসি) মির্জা তারেক আহমেদ বেগ আটকের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, তুরাগ থেকে দুজনকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। জিজ্ঞাসাবাদ শেষে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে।